**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৭তম জন্মজয়ন্তী আজ রাজ্যে নানা অনুষ্ঠানে যথাযথ মর্যাদায় উদযাপিত |**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করেছেন।**

**(৩) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান ঘোষণা করেছেন, আগামী তেসরা অক্টোবর বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু হবে।**

**(৪) চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় নাইন বুলেটস ক্লাব প্রথম দল হিসেবে সুপার লিগে খেলার ছাড়পত্র পেয়েছে।**

*****************************************

**Maharaja Bir Bikram Birthday :**

মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৭তম জন্মজয়ন্তী আজ রাজ্যে নানা অনুষ্ঠানে যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, মাণিক্য রাজবংশের শেষ রাজা মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য ছিলেন সত্যিকারের স্বপ্নদ্রষ্টা। তাঁর দূরদর্শী চিন্তাভাবনায় রাজ্যের শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, বাজার, ব্যাঙ্কিং পরিষেবা চালু হওয়ার পাশাপাশি অভূতপূর্ব উন্নতিও ঘটেছিল। তাঁর সামগ্রিক চিন্তাধারা রাজ্য ও প্রজার কল্যাণে নিবিষ্ট ছিল।

তিনি বলেন, বিদেশ ভ্রমণের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে মহারাজা রাজ্যের উন্নয়নে এক বিশাল কর্মযজ্ঞ শুরু করেছিলেন। তিনি হিন্দু ধর্মের অনুসারী

হলেও সর্বধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। রাজ্যের উচ্চশিক্ষা পরিকাঠামোর উন্নয়নে তাঁর ভূমিকা ছিল অনস্বীকার্য। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকারও মহারাজার চিন্তাধারাকে পাথেয় করে রাজ্যের সার্বিক উন্নয়নে ব্রতী হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, বর্তমান সরকারের সময় রাজাদের প্রতি প্রকৃত সম্মান প্রদর্শন করা হচ্ছে। সাংসদ কৃতী দেবী দেববর্মণ বলেন, ত্রিপুরার রাজা ও রাজ পরিবার সর্বদাই এ রাজ্যের জনগণের কল্যাণের কথা চিন্তা করে গেছে।

অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অন্যানা অতিথিরা মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানান। অনুষ্ঠানে মহারাজার জীবন ও কর্মকান্ড নিয়ে একটি তথ্যচিত্রও প্রদর্শিত হয়।

অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষানুরাগী এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব শচীন কলইকে এবছরের মহারাজা বীরবিক্রম স্মৃতি পুরস্কারে ভূষিত করা হয়। পুরস্কার হিসেবে তাকে স্মারক, মানপত্র এবং ১ লক্ষ টাকার চেক দেওয়া হয়।

*****************************

**PM on Maharaja :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন যে ত্রিপুরার উন্নয়নে তাঁর অনুকরণীয় প্রচেষ্টার জন্য তিনি প্রশংসিত। শ্রী মোদী উল্লেখ করেছেন যে জনসেবার প্রতি তাঁর আবেগ, দরিদ্রদের ক্ষমতায়নের প্রতি তাঁর প্রতিশ্রুতি এবং সামাজিক উন্নয়নের প্রতি তাঁর নিষ্ঠা সকলকে অনুপ্রাণিত করে। প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার এবং ত্রিপুরা সরকার তাঁর দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য অক্লান্ত পরিশ্রম করছে। উল্লেখ্য, "আধুনিক ত্রিপুরার স্থপতি", মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুর ১৯২৩ থেকে ১৯৪৭ সাল পর্যন্ত রাজত্ব করেছিলেন ।

******************************

**BBMC–CM :**

আজ বিকেলে, আগরতলার বীরবিক্রম মেমোরিয়াল কলেজে, মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরেব জন্মজয়ন্তী ও কলেজের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে কলেজ প্রাঙ্গনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ৯ ফুট উচু বীর বিক্রমের একটি পুর্নাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, এম বি বি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ বিভাস দেব। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, মহারাজা বীর বিক্রম চেয়েছিলেন, ত্রিপুরায় এমন বিদ্যাপত্তন হোক যেখানে সাধারন শিক্ষার পাশাপাশি মেডিক্যাল শিক্ষা, ইঞ্জিনিয়ারিং শিক্ষার সুযোগ গড়ে উঠুক। তাঁর সেই স্বপ্ন রাজ্য সরকার পূর্ণ করছে।

#######Byte-CM#######

*******************************

**Blood Donation-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রক্তদান একটি মহৎ কাজ, যা অন্যের জীবন বাঁচাতে পারে এবং একইসঙ্গে রক্তদাতার জন্যও উপকারি। রক্তদান হৃদরোগের ঝুঁকি কমানো, মানসিক স্বাস্থ্য ভালো রাখা এবং মানব শরীরে নতুন রক্তকণিকা তৈরি করতে সহায়ক ভূমিকা পালন করে। আজ আগরতলার যক্ষা নিবারণী হলে প্রদেশ বিজেপি লিগ্যাল সেল আয়োজিত এক রক্তদান শিবিরে তিনি একথা বলেন। শিবিরে স্বেচ্ছায় ৩৪ জন রক্তদান করেন।

***************************

**World Photography Day :**

আজ বিশ্ব আলোকচিত্র দিবস। এ উপলক্ষ্যে ত্রিপুরা ফটো জার্নালিস্টস অ্যাসোসিয়েশনর উদ্যোগে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিন দিন ব্যাপী এক চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। ৩৮ জন সাংবাদিকের ৭৫ টি ছবি নিয়ে চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, রাজ্য পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক কৃষ্ণেন্দু

চক্রবর্তী, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রনব সরকার।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**VKSA :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান ঘোষণা করেছেন, আগামী ৩রা অক্টোবর বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু হবে। তিনি বলেন, এই অভিযানের লক্ষ্য কৃষক এবং কৃষি বিজ্ঞানীদের মধ্যে সরাসরি যোগাযোগ বৃদ্ধি করা। এই অভিযান ১৮ই অক্টোবর পর্যন্ত চলবে। আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন, এই অভিযান চলাকালীন, হাজার হাজার বিজ্ঞানী এবং কৃষি বিভাগের কর্মকর্তারা গ্রামে গ্রামে ভ্রমণ করবেন এবং কৃষকদের সঙ্গে মতবিনিময় করবেন যাতে তারা খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য নতুন প্রযুক্তি সম্পর্কে অবহিত হন। তিনি বলেন, সরকার বৈজ্ঞানিক কৃষি পদ্ধতি গ্রহণ এবং সুস্থায়ী কৃষি প্রবৃদ্ধি প্রচারের উপর জোর দিচ্ছে। মন্ত্রী জানান যে, এই

বছরের মে মাসে এই অভিযানের প্রথম পর্বের শেষে, এক কোটি ৩৩ লক্ষেরও বেশি কৃষকের সঙ্গে মতবিনিময় করা হয়েছিল।

***************************

**11 Years of NDA :**

রাজস্থানের কোটা-বুন্দিতে আনুমানিক ১,৫০৭ কোটি টাকা ব্যয়ে গ্রিন ফিল্ড বিমানবন্দরের উন্নয়নে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। আজ বৈঠক শেষে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো নয়াদিল্লিতে সাংবাদিকদের জানান, এই প্রকল্পের মধ্যে রয়েছে ২০ হাজার বর্গমিটার এলাকা জুড়ে টার্মিনাল ভবন নির্মাণ, যা ব্যাপক যাত্রী ভিড়ের সময়ে ১০০০ যাত্রী ধারণ করতে সক্ষম। সাংবাদিক সম্মেলনে তিনি দেশ জুড়ে বিমানবন্দরের পরিকাঠামো সম্প্রসারণের কথা বিস্তারিত উল্লেখ করেন।

######Byte- Ashwini Vaishnaw######

*******************************

**Package Story- World Humanitarian Day :**

আজ বিশ্ব মানবিকতা দিবস। মানবিক মূল্যবোধের টানে গোটা পৃথিবীর বিপন্ন মানবতার পাশে অকুতোভয়ে দাঁড়িয়ে কাজ করা মানুষদের কুর্নিশ জানানোর দিন। নিজের জীবনের ঝুঁকির বিষয়কে তোয়াক্কা না করেও তাঁদের দায়বদ্ধ পদক্ষেপ বর্তমান হিংসাদীর্ণ পৃথিবীকে চোখে আঙ্গুল দিয়ে মনে করায় একজন মানুষ হিসেবে দায়িত্বের কথা। রাজ্যেও অভাব নেই এরকম মানবিক দৃষ্টান্তের। একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**Maharaja Bir Bikram-BJP :**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি

রাজ্য সহ সভাপতি সুবল ভৌমিক, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, এম.ডি.সি বিদ্যুৎ দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ। তারা মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

****************************

**Maharaja Bir Bikram–Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় কংগ্রেস ভবনে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় পালন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মহারাজা বীর বিক্রমের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা।

****************************

**Maharaja Bir Bikram–Khowai :**

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের উদ্যোগে আজ খোয়াইয়ের পুরাতন টাউন হলে মহারাজা বীর বিক্রম মাণিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উপলক্ষ্যে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের ছাত্র–ছাত্রীদের মধ্যে ক্যুইজ, নৃত্য, সঙ্গীত ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা হয়।

*****************************

**Maharaj Birbikram–Gomati :**

উদয়পুরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মিলনায়তনে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

****************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় নাইন বুলেটস ক্লাব প্রথম দল হিসেবে সুপার লিগে খেলার ছাড়পত্র পেয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ বিকালে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ৩-১ গোলে টাউন ক্লাবকে হারিয়ে দেয়।

*****************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, আগামী ২১শে আগষ্ট থেকে ২৫শে আগষ্ট পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ ও সিপাহীজলা জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************